দৈনিক
ইত্তেফাক

তারিখ 18 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

# নজরুল বিশ্ববিদ্যালয়ের রাস্তার বেহাল অবস্থা

■ **ফারুক আহমেদ, ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা**

নজরুল বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে প্রবেশের প্রধান রাস্তাসহ অভ্যন্তরের বেশিরভাগ রাস্তারই যান চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। রাস্তার কার্পেটিং উঠে গিয়ে বিভিন্ন স্থানে তৈরি হয়েছে ছোট-বড় গর্ত। এসব রাস্তায় যান চলাচলের সময় প্রায়ই ঘটছে দুর্ঘটনা। রাস্তা মেরামতের দাবিতে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা বিভিন্ন সময় দাবি জানালেও প্রতিকার পাওয়া যাচ্ছে না।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও সাধারণ শিক্ষার্থীদের অভিযোগ, বিশ্ববিদ্যালয় প্রশাসনের কতিপয় ব্যক্তিদের উদাসীনতাসহ একাধিক কারণে গুরুত্বপূর্ণ রাস্তাগুলোর অবস্থা অত্যন্ত খারাপ। বিশ্ববিদ্যালয় প্রশাসনকে বারবার সংস্কারের দাবি জানালেও মিথ্যে আশ্বাস ছাড়া কিছুই মিলছে না।

শিক্ষার্থীরা জানায়, বিশ্ববিদ্যালয় এলাকার সব থেকে খারাপ রাস্তাটি হলো বটতলা থেকে ক্যাম্পাসে প্রবেশের রাস্তা। এই রাস্তা দিয়েই শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করে। চলতি বর্ষায় রাস্তায় তৈরি হয়েছে অনেক ছোট-বড় গর্ত। বৃষ্টি হলে গর্তগুলোতে পানি জমলে আলাদা করা যায় না বলে ওইসব গর্তে প্রায়ই যানবাহন আটকে গিয়ে দুর্ঘটনা ঘটছে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী তাসমিম বলেন, 'এসব গর্তে পড়ে অনেক শিক্ষার্থী বিভিন্ন সময় আহত হয়েছে।'

এদিকে ক্যাম্পাসের বাইরে বেশির ভাগ ছাত্র-শিক্ষক অবস্থান করায় এসব রাস্তায় নিয়মিত চলাচলকারীদের সংখ্যা সবসময়ই বেশি থাকে। ফলে এসব রাস্তা দ্রুত সংস্কারে দাবি উঠেছে সব মহলে।